



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

০৯ ফাল্গুন ১৪১৬
২১ ফেব্রুয়ারি ২০১০

বাণী

একুশে ফেব্রুয়ারি মহান 'শহীদ দিবস' ও 'আন্তর্জাতিক মাতৃভাষা' দিবস। আমি এ দিনে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করি মহান ভাষা আন্দোলনে আত্মোৎসর্গকারী ভাষা শহীদ জব্বার, বরকত, রফিক, সালামসহ নাম না জানা শহীদদের। আমি তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি। এ দিবস উপলক্ষে আমি পৃথিবীর বিভিন্ন ভাষাভাষী মানুষকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

মহান ভাষা আন্দোলন আমাদের জাতীয় ইতিহাসে একটি ঐতিহাসিক ও তাৎপর্যপূর্ণ ঘটনা। এ আন্দোলন আমাদের বাঙালি জাতীয়তাবোধের উন্মেষ ঘটায় এবং স্বাধীকার অর্জনে উদ্বুদ্ধ করে। এ আন্দোলন তাই কেবলই আমাদের মাতৃভাষার দাবী আদায় করেনি; বরং এরই পথ বেয়ে ১৯৭১ সালে অর্জিত হয় বাঙালি জাতির বহু কাঙ্ক্ষিত স্বাধীনতা। আমি আজ সশ্রদ্ধচিত্তে স্মরণ করি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তৎকালীন গণপরিষদ সদস্য ধীরেন্দ্রনাথ দত্ত, মওলানা আকরম খাঁ, বহুভাষাবিদ ডঃ মুহম্মদ শহীদুল্লাহ, কাজী গোলাম মাহবুব, ভাষা সৈনিক গাজীউল হকসহ সকল ভাষা সৈনিককে; যাঁদের অসীম সাহস ও অদম্য প্রেরণায় ভাষা আন্দোলন চূড়ান্ত পরিণতি লাভ করে। সকল অন্যায়, অবিচার ও বঞ্চনার বিরুদ্ধে রুখে দাঁড়াতে আমাদের উজ্জীবিত করে এই সংগ্রাম। ভাষা আন্দোলন আমাদের নিজস্ব ভাষা, সাহিত্য সংস্কৃতির লালনসহ সামনে এগিয়ে যাওয়ার অফুরন্ত প্রেরণা যোগায়।

আমরা আজ গর্ববোধ করি এই ভেবে যে শহীদ দিবস তথা ভাষা দিবসের ধারাবাহিকতায় ২১ ফেব্রুয়ারি পরিণত হয়েছে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে'। আমাদের মহান ভাষা আন্দোলনের যে গভীর তাৎপর্য তার অনুরণন আজ আমরা সারা বিশ্বে দেখতে পাই 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্‌যাপনের মধ্য দিয়ে। অমর একুশে কেবল আমাদের নিজস্ব ভাষা, সাহিত্য ও ঐতিহ্যের অগ্রযাত্রাকে অনুপ্রাণিত করেছে না; বরং তা পৃথিবীর অন্যান্য জাতি-গোষ্ঠীর ভাষা ও সংস্কৃতিকে লালন ও সংরক্ষণে উৎসাহ যোগাচ্ছে। মহান ভাষা দিবস আজ পৃথিবীর সব ভাষাভাষী মানুষের সাথে যোগসূত্র স্থাপন করেছে, বিশ্ববাসীকে করেছে ঐক্য ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ।

পৃথিবীর সব নৃতাত্ত্বিক জাতি-গোষ্ঠীর নিজস্ব ভাষা ও সংস্কৃতি সংরক্ষিত হউক, গড়ে ওঠুক এক শান্তিপূর্ণ বিশ্ব, মহান 'শহীদ দিবস' ও 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে'-এই আমার প্রত্যাশা।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

জিহ্মান
মোঃ জিল্লুর রহমান

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



PRESIDENT
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

09 Falgun 1416
21 February 2010

Message

The 21st February is our great 'Shaheed Day' (Language Martyrs' Day) as well as the 'International Mother Language Day'. On this very significant day, I recall with deep respect the valiant language martyrs Jabbar, Barkat, Rafiq, Salam along with other language martyrs who laid down their lives in Language Movement in 1952. I pray for the salvation of those departed souls. On this day, I extend my sincere felicitations to multi-lingual people around the world.

The great Language Movement is a very significant and historic day in our national history. The spirit of nationalism that emanated from the historical Language Movement inspired the Bangalee nation towards attaining self-sovereignty and thus we achieved our long-cherished Independence in 1971. On this day, I recall with deep respect the father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman, erstwhile member of Legislative Mr. Dharendra Nath Dutta, Editor Moulana Akram Khan, multi-linguist Dr. Muhammad Shahidullah, student leader Kazi Golam Mahbub, language hero Gaziul Haque along other veteran language leaders who contributed immensely to materialize the Language Movement a success. The glaring spirit of the Language Movement arouses us to stand against all sorts of injustice and unfairness. It also provides us endless inspirations to go ahead along with fostering our own language, literature and culture.

Today, we feel proud that the International Mother Language Day is observing all over the world in connection with the Language Movement Day. The fortitude of Language Movement is now inspiring not only the advancement of our language, literature, culture and heritage but also the preservation and promotion of languages and cultures of other nations too. The observance of the 'International Mother Language Day' makes the people closer and strengthens the bonds of unity and amity among the people of the world.

On this day, it is my expectation that the native language and culture of different human races would be preserved and the peace and tranquility of the world be prevailed.

Khoda Hafez, May Bangladesh Live Forever.


Md. Zillur Rahman